ই-মেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র সংখ্যা - ৩৩.০০.০০০০.১০৮.২৯.০০১.১৬-১১৫৯

তারিখঃ ১৫ আষাঢ় ১৪২৩ / ২৯ জুন ২০১৬

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ২৮/৬/২০১৬ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে সচিব মহোদয় এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার সাথে ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। স্ব-স্ব দপ্তরের উক্ত স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিমাসের ১০ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

২৯/৬/১৬
( জিএসএম জাফরউল্লাহ )
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৯৬

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন,মতিঝিল, ঢাকা।
২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেইট, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট,সাভার,ঢাকা।
৫। মহাপরিচালক, মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৬। অধ্যক্ষ, মেরিণ ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম
৭। রেজিষ্টার, ভেটিরিনারি কাউন্সিল,ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপসচিব (বাজেট),মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/মৎস্য/বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ ও SDG ফোকাল পয়েন্ট)/প্রাণিসম্পদ-২/বিএফডিসি)/ যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

D:\Ayisha\apa-Latter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র........................................................................................................ ৩

**উপক্রমণিকা**

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি......................৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)……………………………৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.........................৭

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)……………………………………………………………১৩

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি.................................১৪

## প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিজ আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে গবাদিপশু, হাঁসমুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০১৪-১৫ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৭৩% এবং প্রবৃদ্ধির হার ৩.১০% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৫)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান প্রায় ১৪.০৯% (প্রাক্কলিত)। তাছাড়া ২০১৪-১৫ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ২৯,৮৮৭ কোটি টাকা (প্রাক্কলিত) যা বিগত ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় ২২২০ কোটি টাকা বেশী (বিবিএস, ২০১৪-১৫)। ২০১৪-১৫ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৩১৭.৮৬ কোটি টাকা (ইপিবি, ২০১৪-১৫)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। অধিকন্তু প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ৬১.৮৮%, ৩৭.৫৬% ও ৪৪.৩৪% বৃদ্ধি পেয়েছে। বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১০২.৬২ গ্রাম/দিন, ১২২.০০ মি.লি/দিন ও ৭০.২৬ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৩৬.২০ | ৪৫.২০ | ৫৮.৬০ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৫০.৬৭ | ৬০.৯০ | ৬৯.৭০ |
| ডিম (কোটি) | ৭৬১.৭৪ | ১০১৬.৮০ | ১০৯৯.৫২ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, রোগের প্রাদুর্ভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব ইত্যাদি প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভিশন ২০২১ অনুযায়ী জনপ্রতি দুধ, মাংস ও ডিমের চাহিদার লক্ষমাত্রা যথাক্রমে ১৫০ মিলি/দিন, ১১০ গ্রাম/দিন ও ১০৪টি/বছর পুরণের জন্যে প্রাণিসম্পদ অধিদপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। ২০২০-২১ সালের মধ্যে কাংখিত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে দুধ, মাংস ও ডিম উৎপাদন যথাক্রমে ৯২.৯৭, ৬৮.১৮ লক্ষ মেট্রিক টন এবং ১৭৬৬ কোটিতে উন্নীতকরণ। দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন ও রোগ নিয়ন্ত্রণ। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন। তা'ছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ।

**২০১৬- ১৭ অর্থ বছরে সম্ভাব্য অর্জনঃ**

- গবাদিপশুর উৎপাদনশীলতার বৃদ্ধির মাধ্যমে দুধ, মাংস এবং ডিমের উৎপাদন যথাক্রমে ৭৭.০৭ লক্ষ মেট্রিক টন, ৬১.৬৩ লক্ষ মেট্রিক টন এবং ১৩২০.৭৪ কোটিতে উন্নীত করা;
- গবাদিপশুর জাত উন্নয়নে দেশব্যাপি প্রায় ৩৪.৫০ লক্ষ গাভী কে কৃত্রিম প্রজনন করা;
- রোগ প্রতিরোধে ২৩.০০ কোটি টিকা উৎপাদন এবং ২২.০০০ কোটি গবাদিপশুকে টিকা প্রদান;
- উন্নত প্রযুক্তিতে গবাদিপশু পালনে প্রায় ১২.৫০ লক্ষ খামারী সচেতনতা বৃদ্ধিকরণ;
- গবাদিপশু ও হাঁসমুরগির খাদ্যের গুনগত মান নিয়ন্ত্রণে প্রায় ২৮০০ পশুখাদ্য নমুনা পরীক্ষাকরণ।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের ...জুন... মাসের ...২৮... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

২. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্হানের সুযোগ সৃষ্টি।

৩. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা ।

৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৩. তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৫. কর্ম পরিবেশ উন্নয়ন;

৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

১.৪.১ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবংবাস্তবায়ন ।

১.৪.২ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা ।

১.৪.৩ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

১.৪.৪ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ।

১.৪.৫ গবাদিপশু-পাখির পুষ্টি উন্নয়ন ।

১.৪.৬ গবাদিপশু-পাখির জাত উন্নয়ন ।

১.৪.৭ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মূদ্রা অর্জন ।

১.৪.৮ গবাদিপশু-পাখির খামার ব্যবস্হাপনার উন্নয়ন।

১.৪.৯ গবাদিপশু-পাখির কৌলিকমাণ সংরক্ষণ ও উন্নয়ন।

১.৪.১০ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন।

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

## সেকশন ২
## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | ওজন (মিলি/দিন) | ১২২.০০ | ১২৬.২৪ | ১৩১.৩১ | ১৩৬.২১ | ১৪০.৯৬ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | ওজন (গ্রাম/দিন) | ১০২.৬২ | ১০৩.৬২ | ১০৫.০০ | ১০৬.৩৩ | ১০৭.৬১ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | সংখ্যা/বছর | ৭০.২৬ | ৭৬.২৩ | ৮২.১৩ | ৮৭.৮৫ | ৯৩.৪০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| জাতীয় রপ্তানিতে প্রাণিসম্পদ পণ্যের আয় | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ৪৩১৭.৮৬ | ৪৪০৪.২২ | ৪৪৯২.৩০ | ৪৫৮২.১৫ | ৪৬৭৩.৭৯ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর প্রতিবেদন। |

*সাময়িক

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ

| শলগত দ্দেশ্য rategic ectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| য়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| াদিপশু- দন ও দনশীল দ্ধি | ২৭ | ১.১ গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত সিমেন | মাত্রা (লক্ষ) | ৫.০০ | ৩৮.২৪ | ৩৭.৯০ | ৪০.০০ | ৩৯.৪৮ | ৩৮.৯৬ | ৩৮.৪৪ | ৩৭.৯০ | ৪০.৮০ | ৪১.৬২ |
| | | ১.২ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননকৃত গাভীর সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ২৯.৭৪ | ৩০.৬৩ | ৩৪.৫০ | ৩৩.৫৪ | ৩২.৫৮ | ৩১.৬২ | ৩০.৬৩ | ৩৫.৭০ | ৩৬.৪১ |
| | | ১.৩ ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজনন কৃত ছাগীর সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ১৯৫৭ | ২১৩৭ | ২২০০ | ২১৮৫ | ২১৭০ | ২১৫৫ | ২১৩৭ | ২২৫০ | ২৩০০ |
| | | ১.৪ গাভীর বাছুর উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত বাছুরের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৫৩২ | ৪৬৬ | ৫৭৫ | ৫৪৮ | ৫২১ | ৪৯৪ | ৪৬৬ | ৫৮৭ | ৫৯৯ |
| | | ১.৫ সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত সংকর জাতের বাছুর | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ৯.৫২ | ১০.৬০ | ১১.০০ | ১০.৯০ | ১০.৮০ | ১০.৭০ | ৯.৭০ | ১১.২৪ | ১১.৪৭ |
| | | ১.৬ ছাগলের বাচ্চার উৎপাদন বৃদ্ধি | উৎপাদিত বাচ্চা | সংখ্যা | ২.০০ | ৯৬১ | ৯৭৯ | ১২০০ | ১১৪৫ | ১০৯০ | ১০৩৫ | ৯৭৯ | ১৩০০ | ১৪০০ |
| | | ১.৭ একদিনের হাঁস মুরগির বাচ্চা উৎপাদন। | উৎপাদিত বাচ্চা | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৪.৯৭ | ২০.১০ | ২৩.২৭ | ২২.৪৭ | ২১.৬৭ | ২০.৮৭ | ২০.১০ | ২৩.৭৪ | ২৪.২১ |

| ৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| য়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | ১.৮ পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুণা | সংখ্যা | ৩.০০ | ১৫৯১ | ২৬৪৫ | ২৮০০ | ২৭৬২ | ২৭২৪ | ২৬৮৬ | ২৬৪৫ | ২৮৫৬ | ২৯১৩ |
| নম্পদ ও ংস্থানের া সৃষ্টি | ১৬ | ২.১ খামারী সচেতনতা বৃদ্ধিকরণ | সচেতন খামারী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ১০.১৫ | ১১.৮০ | ১২.৫০ | ১২.৩০ | ১২.১০ | ১১.৯০ | ১১.৮০ | ১৩.০০ | ১৩.২৫ |
| | | ২.২ খামার স্থাপনে উঠান বৈঠক (গবাদিপশু) | উঠান বৈঠক | সংখ্যা | ৩.৫০ | ২১০০০ | ২৮৫৯৫ | ৩০০০০ | ২৯৬৪৯ | ২৯২৯৮ | ২৮৯৪৭ | ২৮৫৯৫ | ৩০৫০০ | ৩১০০০ |
| | | ২.৩ খামার স্থাপনে উঠান বৈঠক (পোল্ট্রি) | উঠান বৈঠক | সংখ্যা | ৩.৫০ | ১৮৩৬৯ | ৪১৮৬০ | ৪৩০০০ | ৪২৭১৫ | ৪২৪৩০ | ৪২১৪৫ | ৪১৮৬০ | ৪৪০০০ | ৪৫০০০ |
| | | ২.৪ ঘাস চাষ বৃদ্ধির জন্য নার্সারী স্থাপন | স্থাপিত নার্সারী | একর | ৩.০০ | ৫২৫.৬৭ | ৬১৬.৭৩ | ৬৯৩.৬০ | ৬৭৪.৬০ | ৬৫৫.৬০ | ৬৩৬.৬০ | ৬১৬.৭৩ | ৭১০.০০ | ৭২০.০০ |
| | | ২.৫ বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | স্থাপিত বায়োগ্যাস প্ল্যান্ট | সংখ্যা | ২.০০ | ১৪২৪ | ২১৩২ | ২২৪৪ | ২২১৬ | ২১৮৮ | ২১৬০ | ২১৩২ | ২২৮৯ | ২৩৩৫ |
| বাদিপশু-র রোগ রাধ ও ণ | ২০ | ৩.১ টিকা উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত টিকা | মাত্রা (কোটি) | ৪.০০ | ২০.৫৬ | ২২.১২ | ২৩.০০ | ২২.৮০ | ২২.৬০ | ২২.৪০ | ২২.১২ | ২৩.৪৫ | ২৩.৯০ |
| | | ৩.২ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | সংখ্যা (কোটি) | ৪.০০ | ১৭.৭১ | ২০.৮৬ | ২২.০০ | ২১.৭২ | ২১.৪৪ | ২১.১৬ | ২০.৮৬ | ২৪.০০ | ২৬.০০ |
| | | ৩.৩ দ্রুত রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুণা | সংখ্যা | ৪.০০ | ৪৫০৭৩ | ৬০৯৩০ | ৬৫০০০ | ৬৩৯৮৩ | ৬২৯৬৬ | ৬১৯৪৯ | ৬০৯৩০ | ৬৬০০০ | ৬৭০০০ |

| শলগত উদ্দেশ্য rategic ectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| য়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | ৩.৪ গবাদিপশু-পাখির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু-পাখির সংখ্যা | সংখ্যা (কোটি) | ৪.০০ | ৬.১৮ | ৮.২৩ | ৯.০০ | ৮.৮১ | ৮.৬২ | ৮.৪৩ | ৮.২৩ | ৯.১০ | ৯.২০ |
| | | ৩.৫ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনার সংখ্যা | সংখ্যা | ২.০০ | - | - | ৩০০০০ | ২৫০০০ | ২০০০০ | ১৫০০০ | ১০০০০ | ৩০৫০০ | ৩১০০০ |
| | | ৩.৬ গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | সংখ্যা | ২.০০ | - | - | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ১৫০০ | ১০০০ | ৩০১০০ | ৩২০০ |
| রাপদ জাত পণ্য বৃদ্ধিতে তা | ১১ | ৪.১ পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ৫.০০ | ৩০৪৪৪ | ৩৭৯২৫ | ৪০০০০ | ৩৯৪৮২ | ৩৮৯৬৪ | ৩৮৪৪৬ | ৩৭৯২৫ | ৪০৫০০ | ৪১০০০ |
| | | ৪.২ নতুন খামার রেজিষ্ট্রেশন (পোল্ট্রি) | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ৩.০০ | ১০০ | ১১১ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১১ | ১৫৩ | ১৫৬ |
| | | ৪.৩ নতুন খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু) | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ৩.০০ | ১০০ | ১২৯ | ১৪০ | ১৩৭ | ১৩৪ | ১৩১ | ১২৯ | ১৪৩ | ১৪৬ |
| বাদিপশু- র টিক র্স ক্ষণ ও ন | ৬ | ৫.১ প্রজনন পাঁঠা বিতরন | বিতরনকৃত পাঁঠা | সংখ্যা | ৩.০০ | ৩০০ | ৩৮২ | ৪০০ | ৩৯৬ | ৩৯২ | ৩৮৮ | ৩৮২ | ৪০৮ | ৪১৬ |
| | | ৫.২ কেনডিডেট বুল তৈরী | সংগৃহীত বুল | সংখ্যা | ৩.০০ | - | - | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১০ | ২৩ | ২৫ |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট মান-২০)

| লাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গত উদ্দেশ্য<br>rategic<br>ectives) | কৌশলগত উদ্দেশ্যের মান<br>(Weight of Strategic Objectives) | কার্যক্রম<br>(Activities) | কর্মসম্পাদন সূচক<br>(Performance Indicators) | একক<br>(Unit) | কর্মসম্পাদন সূচকের মান<br>(Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৬-১৭ | | | | |
| | | | | | | অসাধারণ<br>(Excellent) | অতি উত্তম<br>(Very Good) | উত্তম<br>(Good) | চলতি মান<br>(Fair) | চলতিমানের নিম্নে<br>(Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ার সঙ্গে<br>ার্ষিক<br>পাদন চুক্তি<br>স্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠ পর্যায়ে কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| ক্ষতা ও<br>তার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| অধিকার ও<br>াদিত তথ্য<br>া বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |

| লাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গত উদ্দেশ্য (rategic ectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| পদ্ধতি ও মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটির নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটির নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক পনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যুন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.............................................

মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

.............................................

তারিখ

.............................................

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

.............................................

তারিখ

সংযোজনী-১

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | আর্টিফিসাল ইনসেমিনেশন |
| ২. | এমওএফএল | মিনিস্ট্রি অব ফিশারিজ এন্ড লাইভস্টক |
| ৩. | এনজিও | নন-গভর্ণমেন্ট অর্গানাইজেশন |
| ৪. | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন |
| ৫. | এলজিইডি | লোকাল গভর্ণমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৬. | বিএলআরআই | বাংলাদেশ লাইভস্টক রিসার্চ ইনিস্টিটিউট |
| ৭. | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস্ |
| ৮. | ডিএলএস | ডিপার্টমেন্ট অব লাইভস্টক সার্ভিসেস |
| ৯. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো |
| ১০. | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট |
| ১১. | টিএমআর | টোটাল মিক্সড রেশন |

## সংযোজনী – ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত সিমেন | অধিক দুগ্ধ উৎপাদন বৈশিষ্ট্য সম্বলিত সুপিরিয়র ষাঁড় হতে সিমেন উৎপাদিত হয়। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই সিমেন দ্বারা গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়। সিমেন স্ট্র কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্র থেকে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়ে বিভিন্ন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে উপ-পরিচালক (এ/আই) –এর তত্ত্বাবধানে সরবরাহ করা হয়ে থাকে । | ডি.এল.এস | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ২ | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননকৃত গাভীর সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়ণে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৩ | ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে একার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ডি.এল.এস | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৪ | গাভীর বাছুর উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত বাছুরের সংখ্যা | সরকারি ০৮ টি গো-প্রজনন ও দুগ্ধ খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | প্রতিবেদন পর্যালোচনা ও খামার পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৫ | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত সংকর জাতের বাছুর | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে যা দুধ ও মাংস উৎপাদনে ব্যাপক ভূমিকা রাখছে। | ডি.এল.এস এবংবেসরকারি উদ্যোক্তা | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৬ | ছাগলের বাচ্চার উৎপাদন বৃদ্ধি | উৎপাদিত বাচ্চা | সরকারি ০৫ টি ছাগল উন্নয়ন খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ব্লাকবেঙ্গল বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে মাঠ পর্যায়ে ছাগলের প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | প্রতিবেদন পর্যালোচনা ও খামার পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৭ | একদিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন | উৎপাদিত মুরগির বাচ্চা | সরকারি হাঁস-মুরগি খামারে উৎপাদিত একদিনের হাঁস-মুরগির বাচ্চা পোল্ট্রি খামার সম্প্রসারণে সরবরাহ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | প্রতিবেদন পর্যালোচনা ও খামার পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ৮ | পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুনা | পশুখাদ্যের গুণগত মান সমুন্নত রাখার লক্ষ্যে প্রাণী পুষ্টি গবেষণাগার, এবং জেলা প্রাণী হাসপাতালের প্রাণিপুষ্টি মিনি গবেষণাগারে পশুখাদ্যের নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণ করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৯ | খামারী সচেতনতা বৃদ্ধিকরণ | সচেতন খামারী | মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সচেতনতার কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | সংখ্যা গণনা ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১০ | খামার স্থাপনে উঠান বৈঠক (গবাদিপশু) | উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশুর খামার প্রতিষ্ঠায় সাধারন উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১১ | খামার স্থাপনে উঠান বৈঠক (পোল্ট্রি) | উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী পোল্ট্রি খামার প্রতিষ্ঠায় উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১২ | ঘাস চাষ বৃদ্ধির জন্য নার্সারী স্থাপন | স্থাপিত নার্সারী | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা এবং উপজেলা দপ্তরে ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৩ | বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | স্থাপিত বায়োগ্যাস প্ল্যান্ট | এটি একটি আধুনিক প্রযুক্তি যার মাধ্যমে গবাদিপশু-পাখির বর্জ্য (গোবর ও পোল্ট্রি লিটার) থেকে জ্বালানী শক্তি উৎপাদিত হয় এবং পরিবেশ দূষণ থেকে রক্ষা পাওয়া যায়। প্রাণিসম্পদ অধিদপ্তর খামারী পর্যায়ে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এল.জি.ই.ডি এবং এনজিও | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৪ | টিকা উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত টিকা | উৎপাদিত টিকা গবাদিপশু ও পাখির বিভিন্ন মারাত্মক রোগের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১৭ প্রকারের টিকা উৎপাদন ও মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়। | ডি.এল.এস | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৫ | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত গবাদিপশুপাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | রেজিস্টার পরীক্ষণ, প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সুচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | দ্রুত রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুনা | প্রাণিসম্পদ অধিদপ্তর ১ টি কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার এবং মাঠ পর্যায়ে ৭ টি রোগ অনুসন্ধান গবেষণাগারে রোগ নির্ণয়ের লক্ষ্যে নমুনা পরীক্ষা করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৭ | গবাদিপশু-পাখির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত গবাদিপশু ও পাখি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশু ও পাখির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | রেজিস্টার পরীক্ষণ, প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৮ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নিয়মিত বিভিন্ন রোগের নমুনা সংগ্রহ করে নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | ডি.এল.এস | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৯ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | ডি.এল.এস | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ২০ | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ২১ | নতুন খামার রেজিষ্ট্রেশন (পোল্ট্রি) | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক পোল্ট্রি খামারের (ব্রয়লার,লেয়ার, হাঁস, হ্যাচারী/প্যারেন্টস্টক) রেজিষ্ট্রেশন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | প্রতিবেদন পর্যালোচনা ও খামার পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ২২ | নতুন খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু) | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক গরু-ছাগল/ভেড়া ও মহিষের খামারের রেজিষ্ট্রেশন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | প্রতিবেদন পর্যালোচনা ও খামার পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ২৩ | প্রজনন পাঁঠা বিতরন | বিতরনকৃত পাঁঠা | প্রাকৃতিক ছাগী প্রজননের জন্যে উদ্যোগী খামারীদের কে সরকারী ছাগল উন্নয়ণ খামার হতে প্রজনন উপযোগী ব্লাকবেঙ্গল পাঁঠা বিতরণ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | রেজিস্টার পরীক্ষণ ও প্রতিবেদন পর্যালোচনা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ২৪ | কেনডিডেট বুল (প্রজনন উপযোগী ষাঁড়) তৈরী | সংগৃহীত বুল | অধিক জেনিটিক গুণাগুণ সম্পন্ন এবং দেশের আবহাওয়া উপযোগী গবাদিপশুর জাত উন্নয়ণে প্রুভেন বুল তৈরী করা প্রয়োজন। এজন্যে মাঠ পর্যায় থেকে যাচাই বাছাই করে অধিক জেনেটিক গুণাগুণ সম্পন্ন ষাঁড় বাছুর সংগ্রহ করে কেনডিডেট বুল তৈরী করা হয় যা থেকে সিমেন সংগ্রহ করে কৃত্রিম প্রজনন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন, প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন |